



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/১৮/নিঃ মাঃ/গাজী/১২০০

তারিখ : ২৪/১০২০২২

বিষয় : শ্যারস এডুকেশন সেন্টার এন্ড স্কুল (নিঃ মাঃ)-এর নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি বাতিলকরণ প্রসঙ্গে।

- সূত্র : (১) তার ১৬/০৮/২০২২ তারিখে অন লাইনে আবেদন।
 (২) অন লাইনে ২৬/০৮/২০২২ তারিখে কারন দর্শানো।
 (৩) অন লাইনে ১০/১০/২০২২ তারিখে তথ্য চাওয়া।
 (৪) প্রতিষ্ঠাতা ও দাতা সদস্যে সমর্থনে প্রামাণ্য কাগজপত্র দাখিলে ব্যর্থ হওয়া।
 (৫) অন লাইনে ২১/১০/২০২২ তারিখে চূড়ান্ত অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিদ্যালয়টি-

- (১) বিগত ০১/০১/২০১৩ হতে ৩১/১২/২০১৫ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি লাভ করে। পরবর্তীতে আজ অবধি স্বীকৃতি গ্রহণ না করে শিক্ষার্থী নিবন্ধন, ফরম পূরণ ও পরীক্ষায় অংশ গ্রহণ করে আসছে।
- (২) পাঠদানের অনুমতি লাভের পর বিগত ৩১/০৮/২০১৪ ইং তারিখে প্রথমবার এবং ১০/০৯/২০১৮ ইং তারিখে দ্বিতীয়বার প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ৪৮ মোতাবেক নির্বাহী কমিটি গঠন করা হয়। সর্বশেষ কমিটির মেয়াদ বিগত ১২/০৯/২০২১ ইং তারিখে উত্তীর্ণ হয়।

এমতাবস্থায়, বিগত ০১/০১/২০১৬ তারিখ হতে অদ্যাবধি একাডেমিক স্বীকৃতি গ্রহণে ব্যর্থ হওয়ায়। ১২/০৯/২০২১ হতে কমিটি বিহীন অবস্থায় এবং বিধিভূত ভাবে বিদ্যালয় পরিচালনা করায় ০১/০১/২০২৩ তারিখ হতে নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রত্যাহার করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

প্রাপক : প্রধান শিক্ষক
শ্যারস এডুকেশন সেন্টার এন্ড স্কুল (নিঃ মাঃ)
পোঃ- টেংরা, উপজেলা- শ্রীপুর
জেলা- গাজীপুর।

স্বাক্ষরিত/
প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

মেমো নং-

তারিখ :

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর।
- ৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৭। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
- ৮। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা